

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ০৫

মে ২৯, ২০১৩
তারিখ : -----
জৈষ্ঠ্য ১৫, ১৪২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ শ্রেণীকরণ ও প্রতিশোধ

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৪, তারিখ- সেপ্টেম্বর ২৩, ২০১২ ও সংযুক্ত সিএল ফরম্যাটগুলোর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

একই ধরনের ঋঁকি সম্বলিত ঋণসমূহের সম্ভাব্য ক্ষতি সমভাবে চিহ্নিতকরণের লক্ষ্যে উক্ত সার্কুলারে নিম্নোক্ত সংশোধনী আনা হলোঃ

১. সার্কুলারের ধারা ৪. ক) (৪) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবেঃ

“স্পেশাল মেনশন একাউন্ট” এ রক্ষিত ঋণস্থিতির উপর প্রতিশোধের হার হবে ধারা ৪. ক) এর (১),(২),(৩) এ উল্লেখিত প্রতিশোধের হারের সমান (যে ঋণের ক্ষেত্রে যেটি প্রযোজ্য) অর্থাৎ, ক্ষুদ্র ও মাঝারী শিল্প (এসএমই) খাতের সকল অশ্রেণীকৃত ঋণের বিপরীতে ০.২৫%; ভোক্তা ঋণ খাতে অশ্রেণীকৃত ঋণের বিপরীতে ৫%; অশ্রেণীকৃত গৃহায়ন ঋণ, ভোক্তা ঋণের আওতায় ব্যবসা স্থাপনের জন্য পেশাজীবীদেরকে প্রদত্ত ঋণ ও ব্রোকারেজ হাউস, মার্চেন্ট ব্যাংক, স্টক ডিলারদেকে প্রদত্ত ঋণের বিপরীতে ২% হারে এবং সকল অশ্রেণীকৃত ঋণের বিপরীতে ১% হারে।

২. সিএল-১ ফরম্যাট সংযুক্ত ফরম্যাট দ্বারা প্রতিস্থাপিত হবে।

এ সার্কুলার অবিলম্বে কার্যকর হবে এবং বিআরপিডি সার্কুলার নং-১৪, তারিখ সেপ্টেম্বর ২৩, ২০১২ এবং বিআরপিডি সার্কুলার নং- ১৯, তারিখ ডিসেম্বর ২৭, ২০১২ এর অন্যান্য নির্দেশনা ও অন্যান্য সংযুক্ত সিএল ফরম্যাট অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(মোঃ আনোয়ারুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৪